



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-২

১৯ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
তারিখঃ -----

০৩ আগষ্ট ২০১৭ খ্রীষ্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

“কৃষিজাতপণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বলভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কীম” এবং “কৃষিভিত্তিক শিল্প, ‘ক্ষুদ্র উদ্যোক্তা (নারী উদ্যোক্তাসহ), এবং ‘কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন উদ্যোক্তা’ খাতে ইসলামী শরিয়াহ ভিত্তিক অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন তহবিল” সংশ্লিষ্ট কৃষিভিত্তিক শিল্পের তালিকা সংশোধন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ০৭ জানুয়ারি ২০১৬ তারিখে জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-১ [এসএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার] এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। জাতীয় শিল্পনীতি ২০১৬ এর পরিশিষ্ট-৭ এর সাথে সামঞ্জস্য রেখে উক্ত সার্কুলারের ৪.১.৩(গ) ও ৪.৪.২.৭ অনুচ্ছেদ-এ বর্ণিত কৃষিভিত্তিক শিল্পের তালিকাটি [সংযোজনী-৮] এতদ্বারা সংশোধন করা হলো।

এ সার্কুলার লেটার অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত

(শেখ মোঃ সেলিম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৫০২

কৃষিভিত্তিক শিল্পের তালিকা (সংশোধিত)

- ০১। প্রক্রিয়াকরণকৃত ফলজাত খাদ্য (জ্যাম, জেলি, জুস, আচার, শরবত, সিরাপ, সস ইত্যাদি) উৎপাদনকারী শিল্প;
- ০২। ফল (টেমেটো, আম, পেয়ারা, ইক্ষু, কাঁঠাল, লিচু, আনারস, নারিকেল ইত্যাদি), শাক-সবজি, ডাল প্রক্রিয়াকরণ;
- ০৩। ব্রেড এন্ড বিস্কুট, সেমাই, লাচ্ছা, চানাচুর, নুডলস ইত্যাদি প্রস্তুতকরণ;
- ০৪। আটা, ময়দা, সুজি প্রস্তুতকরণ;
- ০৫। মাশরুম ও স্পিরুলিনা প্রক্রিয়াকরণ;
- ০৬। স্টার্চ, গ্লুকোজ, ডেক্সট্রোজ এবং অন্যান্য স্টার্চ পণ্য উৎপাদনকারী শিল্প;
- ০৭। দুগ্ধ প্রক্রিয়াকরণ (দুধ পাস্তুরিতকরণ, গুড়োদুধ, আইসক্রিম, কনডেন্সড মিল্ক, মিষ্টি, পনির, ঘি, মাখন, চকোলেট, দধি ইত্যাদি);
- ০৮। আলু থেকে প্রক্রিয়াজাতকৃত খাদ্য (চিপস, পটেটোফ্লেফ্ল, স্টার্চ প্রভৃতি) উৎপাদনকারী শিল্প;
- ০৯। বিভিন্ন গুড়া মসলা উৎপাদনকারী শিল্প;
- ১০। ভোজ্যতেল পরিশোধন ও হাইড্রোজিনেশন শিল্প;
- ১১। লবণ প্রক্রিয়াজাতকরণ শিল্প;
- ১২। চিংড়ি ও অন্যান্য মাছ প্রক্রিয়াজাতকরণ ও হিমায়িতকরণ শিল্প;
- ১৩। হারবাল ও ভেষজ কসমেটিক্স প্রস্তুতকারী শিল্প;
- ১৪। ইউনানী, আয়ুর্বেদিক ও হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতকারী শিল্প;
- ১৫। হাঁস, মুরগি, গবাদি পশু ও মাছের জন্য সুস্বাদু খাদ্য প্রস্তুতকারী শিল্প;
- ১৬। বীজ উৎপাদন, গবেষণা, প্রক্রিয়াজাতকরণ এবং সংরক্ষণ;
- ১৭। পাটজাত দ্রব্য প্রস্তুতকরণ (যেমন: দড়ি, সুতা, চট, থলে, কার্পেট, পাটের সেভেল প্রভৃতি);
- ১৮। রেশম বস্ত্র উৎপাদনকারী শিল্প;
- ১৯। কৃষিজাতপণ্য উৎপাদনে সহায়ক যন্ত্র শিল্পস্থাপন, মেরামত ইত্যাদি;
- ২০। চাল (স্বয়ংক্রিয় চালকল সহ), মুড়ি, চিড়া, খৈ ইত্যাদি প্রস্তুতকরণ শিল্প;
- ২১। সুগন্ধি চাল উৎপাদন/প্রস্তুতকরণ শিল্প;
- ২২। চা প্রক্রিয়াকরণ শিল্প;
- ২৩। নারিকেল তেল প্রস্তুতকারী শিল্প (যদি দেশিয় নারিকেল হতে সংগৃহীত Copra ব্যবহার করা হয়);
- ২৪। রাবার টেপ, লাক্সা প্রক্রিয়াজাতকরণ শিল্প;
- ২৫। কোল্ড স্টোরেজ (কৃষকদের উৎপাদিত খাবার আলু ও বীজ আলু, ফলমূল, শাক-সবজি প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ);
- ২৬। কাঠ, বাঁশ ও বেতের আসবাব তৈরি/উৎপাদন (কুটির শিল্প ছাড়া);
- ২৭। ফুল সংরক্ষণ ও রপ্তানিকারক প্রতিষ্ঠান;
- ২৮। মাংস প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান;
- ২৯। জৈবসার, মিশ্রসার, গুটি ইউরিয়া ইত্যাদি তৈরি;
- ৩০। বায়োপেস্টিসাইড, নীম উৎপাদিত পেস্টিসাইড ইত্যাদি তৈরি;
- ৩১। মৌমাছির চাষ/মধু তৈরির প্রকল্প;
- ৩২। রাবারজাত দ্রব্যাদি তৈরির প্রকল্প;
- ৩৩। পার্টিকেল বোর্ড প্রস্তুতকরণ শিল্প;
- ৩৪। সরিষার তেল প্রস্তুতকারী শিল্প (যদি দেশিয় সরিষা ব্যবহার করা হয়);
- ৩৫। ধানের তুষ, পোল্ট্রি ও গরুর গোবর থেকে বায়োগ্যাস ও বিদ্যুৎ উৎপাদন প্রকল্প;
- ৩৬। চালের কুঁড়া থেকে ভোজ্যতেল উৎপাদনকারী শিল্প;
- ৩৭। পোল্ট্রি ও ডেইরি শিল্প;
- ৩৮। চিনি ও অন্যান্য মিষ্টিকারক পণ্য উৎপাদনকারী শিল্প;
- ৩৯। সয়াফুড উৎপাদন ও সয়াবীন প্রসেসিং শিল্প;
- ৪০। হার্টিকালচার, ফ্লোরিকালচার, ফুলচাষ, ফুল ও শাকসবজী বাজারজাতকরণ (লেবু, মাশরুম, পান, মধু ইত্যাদি এ শিল্পের অন্তর্ভুক্ত হবে)।